ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৭৫৭

সোনামুড়া, ১৬ জুলাই, ২০২৫

**দশরথবাড়ি ভিলেজের ২৫টি পাটাপ্রাপ্ত পরিবারে রাবার চারা বিতরণ**

জনজাতি অংশের মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সম্প্রতি মোহনভোগ ব্লকের দশরথবাড়ি এডিসি ভিলেজের ২৫টি জনজাতি পাট্টা হোল্ডার পরিবারের মধ্যে রাবার গাছের চারা বিতরণ করা হয়। দশরথবাড়ি এডিসি ভিলেজের উদ্যোগে এই রাবার চারা বিতরণ অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এমডিসি পদ্মলোচন ত্রিপুরা। এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দশরথবাড়ি এডিসি ভিলেজের চেয়ারম্যান দশরথ দেববর্মা, ভাইস-চেয়ারম্যান মিঠুন দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে পরিবার পিছু তিন শতাধিক রাবার চারা বিতরণ করা হয়। দশরথবাড়ি এডিসি ভিলেজ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****